# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পুরুষের সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কলপ

চুল-দাড়ি সাদা হয়ে গেলে, তা সাদাই ছেড়ে রাখা ঠিক নয়। বরং তা রঙিয়ে ফেলতে হয়। খোদ আল্লাহর রসূল (ﷺ) কলপ ব্যবহার করেছেন এবং উম্মতকে তা ব্যবহার করতে উদ্বুদ্ধও করেছেন। অতএব তা করা সুন্নাত। আল্লাহর রসূল (ﷺ) বলেন, ‘‘ইয়াহুদী ও খৃষ্টানরা পাকা চুল-দাড়ি রঙায় না, তোমরা (তা রঙিয়ে) তাদের বিরোধিতা কর।’’[1]

কিন্তু কলপের রঙ কালো হওয়া চলবে না। কালো ছাড়া যে কোন রঙ দিয়ে কলপ করা যায়। অবশ্য কালচে লাল বা বাদামী রঙ সবচেয়ে উত্তম।

আল্লাহর রাসুল (ﷺ) বলেন, ‘‘তোমরা যে সব জিনিস দিয়ে পাকা চুল-দাড়ি রঙিয়ে থাকো, তার মধ্যে সবচেয়ে ভালো হল, মেহেদি ও কাতাম।[2] ‘কাতাম’ এক শ্রেণীর গাছড়ার নাম, যার পাতা থেকে লালচে কালো রঙ প্রস্ত্তত করা হয়।

আর কালো রঙ ব্যবহার করা চলবে না, যেহেতু জাবের (রাঃ) বলেন, মক্কা বিজয়ের দিন আবু কুহাফাকে আনা হল। তখন তাঁর চুল-দাড়ি ছিল ‘ষাগামা’ ফুলের মত সফেদ (সাদা)। রসূল (ﷺ) বললেন, ‘‘কোন রঙ দিয়ে এই সফেদিকে বদলে ফেল। আর কালো রঙ থেকে ওঁকে দূরে রাখ।’’[3]

আর সকলের উদ্দেশ্যে সাধারণ নির্দেশ দিয়ে আল্লাহর রসূল (ﷺ) বলেন, ‘‘শেষ যামানায় এমন এক শ্রেণীর লোক হবে; যারা পায়রার ছাতির মত কালো কলপ ব্যবহার করবে, তারা জান্নাতের সুগন্ধও পাবে না।’’[4]

প্রকাশ থাকে যে, কালো চুলকে অন্য রঙ দিয়ে রঙানো আল্লাহর অনুমতি ছাড়া তাঁর সৃষ্টির পরিবর্তন ঘটানোর আওতাভুক্ত হতে পারে। সুতরাং তা বর্জনীয়।

## ফুটনোট

[1]. বুখারী, মুসলিম, সুনানে আরবাআহ, সহীহুল জা’মে হা/১৯৯৮

[2]. আহমাদ, সুনানে আরবাআহ, ইবনে হিববান, সহীহুল জা’মে হা/১৫৪৬

[3]. মুসলিম, মিশকাত হা/ ৪৪২৪

[4]. আবূ দাউদ ৪২১২, নাসাঈ, সহীহুল জা’মে হা/৮১৫৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=7020

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন